

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪২০

১/ বিবিধ

আরবী

إذا أحببت رجلاً فلَا تماره، و لَا تجاره، و لَا تشاره، و لَا تسأله عنْه، فعُسَى أَنْ توافقَ لِهِ عدوًا، فَيُخْبِرُكَ بِمَا لَيْسَ فِيهِ، فَيُفْرِقُ مَا بَيْنَكَ وَبَيْنَهُ مُنْكَرٌ

أخرجه العقيلي في "الضعفاء" (3/434 - بيروت) وابن السنى في "عمل اليوم والليلة" (رقم 196) وأبو نعيم في "الحلية" (5/136) من طريق غالب بن وزير، قال: حدثنا ابن وهب عن معاوية بن صالح عن أبي الزاهري عن جبير بن نفير عن معاذ بن جبل رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم وقال أبو نعيم

"غريب من حديث جبير بن نفير عن معاذ متصل، وأرسله غير ابن وهب عن معاوية"

وقال العقيلي
"غالب حديثه منكر لا أصل له، ولم يأت به عن ابن وهب غيره، ولا يعرف إلا به"
ثم قال

"هذا يروى من كلام الحسن البصري"
قللت: وهو بهأشبه. وقال الذهبي
"هذا حديث باطل"

১৪২০। তুমি যখন কোন (অপরিচিত) ব্যক্তিকে ভালো বাসবে তখন তার সাথে ঝগড়া করো না, তার প্রতিবেশী হবে না, তার সাথে খারাপ আচরণ করো না যা তাকে তোমার সাথে খারাপ আচরণ করতে উৎসাহিত করে অথবা তার সাথে ব্যবসা করো না, তার সম্পর্কে অন্য কারো নিকট জিজ্ঞেস করো না। কারণ হতে পারে এমন কোন ব্যক্তি ভাগ্যে মিলে যাবে যে তার দুশ্মন। ফলে সে তোমাকে তার সম্পর্কে এমন সংবাদ দিবে যা তার মধ্যে নেই। ফলশ্রুতিতে সে তোমার আর তার মাঝে বিচ্ছেদ ঘটিয়ে দিবে।

হাদীসটি মুনকার।

হাদীসটি ওকায়লী "আয়-যুয়াফা" গ্রন্থে (৩/৪৩৪), ইবনুস সুন্নী "আমলুল ইওয়াম অলগাইলাহ" (১৯৬) ও আবু নুয়াইম "আলহিলয়াহ" গ্রন্থে (৫/১৩৬) গালেব ইবনু ওয়ায়ের সূত্রে ইবনু ওয়াহাব হতে, তিনি মুয়াবিয়াহ হতে, তিনি সালেহ হতে, তিনি আবু যাহেরিয়াহ হতে, তিনি যুবায়ের ইবনু নুফায়ের হতে, তিনি মুয়ায ইবনু জাবাল (রাঃ) হতে, তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আবু নুয়াইম বলেনঃ জুবায়ের ইবনু নুফায়ের হতে মুয়ায (রাঃ)-এর উদ্ধৃতিতে মুত্তাসিল হিসেবে হাদীসটি গারীব। ইবনু ওয়াহাব ছাড়া অন্যরা হাদীসটি মুয়াবিয়াহ হতে মুরসাল হিসেবে বর্ণনা করেছেন।

ওকায়লী বলেনঃ বর্ণনাকারী গালেবের হাদীস মুনকার ও ভিত্তিহীন। ইবনু ওয়াহাব থেকে তিনি ছাড়া অন্য কেউ হাদীস বর্ণনা করেননি এবং হাদীসটি একমাত্র তার মাধ্যমেই জানা যায়। অতঃপর তিনি বলেনঃ এটি হাসান বাসরীর বাণী হিসেবে বর্ণিত হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ হাফিয যাহাবী বলেনঃ এ হাদীসটি বাতিল।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72299>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন